গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

# পরিদর্শন প্রতিবেদন (চলমান প্রকল্প)

পরিদর্শনকারী কর্মকর্তার নাম: মোহাম্মদ রফিকুল ইসলাম, মহাপরিচালক।

পরিদর্শনের তারিখ : ২২/০৪/২০১৮ খ্রি:।

**১। প্রকল্পের নাম** : "ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায়" শীর্ষক প্রকল্প।

**২। উদ্যোগী মন্ত্রণালয়** : ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

**৩। বাস্তবায়নকারী সংস্থা** : ইসলামিক ফাউন্ডেশন।

**৪। প্রকল্প এলাকা** :

**৫। পরিদর্শিত উপজেলা, জেলা** : খুলনা।

**৬। প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত :**

পরিদর্শিত এ প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ২৩০০.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ১১.৫০ লক্ষ এবং ইসলামিক ফাউন্ডেশনের আবর্তক তহবিল ১১.৫০ লক্ষ টাকা। প্রকল্পের অনুমোদিত বাস্তবায়নকাল ০১/০৪/২০১৬ থেকে ৩১/০৩/২০১৯ তারিখ পর্যন্ত। মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ১২/০৬/২০১৬ তারিখ প্রকল্পটি অনুমোদিত হয়েছে।

**৭। প্রকল্পের অর্থ বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন:**

২০১৭-১৮ অর্থবছরে আরএডিপিতে প্রকল্পে অর্থ বরাদ্দের পরিমাণ ৪৫৫.০০ লক্ষ টাকা বার্ষিক ভৌত লক্ষ্যমাত্রা ৩৮.২৫%। মার্চ, ২০১৮ পর্যন্ত অর্থ ব্যয় ২২৭.৪৮ লক্ষ টাকা। অগ্রগতি ২৫.১৮%। শুরু থেকে মার্চ, ১৮ পর্যন্ত অগ্রগতি ৫২.১৫%।

**৮। প্রকল্পের প্রধান প্রধান উদ্দেশ্য** :

- To Publish 199 titled books on fundamental aspects of Islam and make them available to the generate people at reasonable price;
- To translate and compile 9 titled Hadith and Tafsir of different languages into Bangla and Publish them so as to make available to the common people;
- To Publish 30 titled research books on Islamic culture and heritage, Economics, Science and Technology, Social Science, Philosophy, Law and Jurisprudence and Bangladesh Studies in the light of the Holy Quran for promoting Islamic values; এবং
- To publish Islamic encyclopeadia on 9 different subjects of Quranul Karim, Ambia (A), Sahaba (R) and Awlia-E-Keram (RH) and as per demand of researches.

৯.০। **(ক) ডিপিপি/টিএপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা :**

**(খ) পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য (অনু: ১৬.১ দ্রষ্টব্য) :**

| প্যাকেজ (১,২,৩...) | দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য | চুক্তির তারিখ ও চুক্তি মূল্য | কাজ সমাপ্তির তারিখ | | বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ |
|---|---|---|---|---|---|
| | | | চুক্তি অনুযায়ী | প্রকৃত | |

১০.০। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত) : ড. সৈয়দ শাহ এমরান** প্রকল্প পরিচালক হিসেবে গত ৩১/০৮/১৬ থেকে দায়িত্ব পালন করে আসছেন।

১১.০। **ভূমি অধিগ্রহণ, Reselttlement, Utility সংযোগ (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত হালনাগাদ তথ্য (যদি থাকে):** প্রযোজ্য নয় !

১২.০। **অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য :** এ মুহূর্তে প্রযোজ্য নয়।

১৩.০। **স্টিয়ারিং/পিআইসি সভা সংক্রান্ত :** শুরু থেকে এ পর্যন্ত ৩ টি পিআইসি ও ২ টি স্টিয়ারিং কমিটির সভা হয়েছে।

১৪.০। **Project Management Information System (PMIS)/অনলাইনে সর্বশেষ হালনাগাদ তথ্য প্রেরণের তারিখ (পিএমআইএস চালু হলে) :** প্রযোজ্য নয়

১৫.০। **পূর্ববর্তী পরিদর্শনকারীর নাম ও তারিখ :** পূর্বে প্রকল্পটি পরিদর্শন করা হয়নি।

১৬.০। **প্রকল্প সার্বিক পরিদর্শন পর্যবেক্ষণ :**

১৬.১ বিষয়োক্ত প্রকল্পের খুলনা অংশ গত ২২/০৪/২০১৮ তারিখ পরিদর্শন করা হয়। পরিদর্শন সময়ে ইসলামিক ফাউন্ডেশন, খুলনা বিভাগের পরিচালক জনাব শাহীন বিন জামানী এবং সহকারী পরিচালক জনাব এ. কে এম ছাদ উদ্দিন এবং সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। পরিদর্শিত উন্নয়ন প্রকল্পের বইসমূহ ঢাকাস্থ ইসলামিক ফাউন্ডেশনের প্রধান কার্যালয় থেকে বিভিন্ন সময়ে খুলনা কেন্দ্রে প্রেরণ করা হয়। জুলাই, ২০১৭ হতে মার্চ, ২০১৮ সময় পর্যন্ত প্রকল্পের বই বিক্রির পরিমাণ ৩,৯৭,২১৩.০০ লক্ষ টাকা। উল্লেখ্য উন্নয়ন প্রকল্প ব্যতীত রাজস্ব বাজেটের মাধ্যমেও খুলনা কেন্দ্রে বই বিক্রি করা হয়ে থাকে। চলতি অর্থবছরের মার্চ, ২০১৮ পর্যন্ত রাজস্ব বাজেটের আওতায় খুলনা কেন্দ্রে বই বিক্রির পরিমাণ ৪,২৬,৩৭৭.০০ লক্ষ টাকা। চলতি অর্থ বছরের এপ্রিল, ২০১৮ থেকে জুন, ২০১৮ পর্যন্ত গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী বিভিন্ন পুস্তকের (নতুন মুদ্রণ ও পুনর্মুদ্রণ) লক্ষমাত্রা ১০৭৪ টি এবং এসব পুস্তক মুদ্রণের প্রাক্কলিত ব্যয় ৪০৪১৫৯২০.০০ টাকা। চলতি অর্থবছরে কাগজ ক্রয়ের জন্য ৪ টি কার্যাদেশ দেওয়া হয়েছে, যার মোট প্রাক্কলিত ব্যয় ১২৫.০০ লক্ষ টাকা। মার্চ, ২০১৮ পর্যন্ত প্রকৃত অর্থ ব্যয়ের পরিমান ৯০.৯০ লক্ষ টাকা, অগ্রগতি ৭২.৭২%।

১৬.২ ইসলামিক ফাউন্ডেশন খুলনা বিভাগীয় কার্যালয়ের বই বিক্রয় কেন্দ্রের বিগত ৩ (তিন) বছরের বই বিক্রয়ের তথ্য নিম্নরূপ:

| অর্থবছর | বই বিক্রির পরিমাণ | | মোট বিক্রি |
|---|---|---|---|
| | রাজস্ব | উন্নয়ন | |
| ২০১৫-১৬ | ৯,০৬,৬২৯.০০ | ৩,৯৭,০২৬.০০ | ১৩,০৩,৬৫৫.০০ |
| ২০১৬-১৭ | ৩,৪৪,৬৭৩.০০ | ২,১৫,০৫০.০০ | ৫,৫৯,৭২৩.০০ |
| ২০১৭-১৮ | ৪,২৬,৩৭৭.০০ | ৩,৯৭,২১৩.০০ | ৭,২৩,৫৯০.০০ |

উপরের ছক থেকে দেখা যায় উন্নয়ন প্রকল্পের তুলনায় রাজস্ব খাতের বই বিক্রির পরিমাণ বেশী। উন্নয়ন প্রকল্পের বই বিক্রি বৃদ্ধির জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ প্রয়োজন।

১৬.৩ পবিত্র রমজান মাসে বই বিক্রির উপর কমিশন বৃদ্ধি, স্কুল-কলেজ-মাদ্রাসায় ইসলামী বইয়ের বহুল প্রচার, প্রদর্শনী, মেলায় অংশগ্রহণ ইত্যাদি পদক্ষেপ নেয়া হলে বই বিক্রি বৃদ্ধি পাবে।

১৭.০। **সার্বিক মতামত/সুপারিশ :**

১৭.১ উন্নয়ন প্রকল্পের বই প্রকাশনা ও বিক্রয়ের সঠিক কর্মপরিকল্পনা অর্থবছরের শুরুতেই গ্রহণপূর্বক তা বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে প্রশাসনিক মন্ত্রণালয়কে পরামর্শ দেয়া হলো;

১৭.২ পবিত্র রমজান মাস এবং বছরের বিভিন্ন সময়ে স্কুল, কলেজ ও মাদ্রাসায় প্রকল্পের আওতায় প্রকাশিত বইসমূহের বিক্রির উপর কমিশন বৃদ্ধিসহ বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ বাঞ্ছনীয়। এছাড়া বইমেলা ও অন্যান্য জাতীয় দিবসের অনুষ্ঠানে ইসলামী পুস্তক প্রদর্শনের ব্যবস্থা রাখা যেতে পারে;

১৭.৩ ইসলামীক ফাউন্ডেশনের সকল বিক্রয় কেন্দ্রে প্রকল্পের মাধ্যমে পর্যাপ্ত আলমিরা/বইয়ের র‍্যাক রাখাসহ লাইব্রেরির পরিবেশ 'পাঠক বান্ধব' রাখতে হবে;

১৭.৪ প্রকল্প সংশ্লিষ্ট পিআইসি/স্টিয়ারিং কমিটি সভা নিয়মিত আয়োজনের বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হলো।

১৮.০। উপরোক্ত মতামত/সুপারিশ (অনুচ্ছেদ ১৭.১ হতে ১৭.৪) অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে গৃহীত ব্যবস্থা প্রশাসনিক মন্ত্রণালয় ও প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক আগামী ২১ (একুশ) দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে অবহিত করবে।

২৮/০৫/১৮

**কর্মকর্তার স্বাক্ষর ও সীল**

মোহাম্মদ রফিকুল ইসলাম
মহাপরিচালক
আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার